

## শবেবরাতে ঝাল খাবার



### কর্ন পনির রোল

#### উপকরণ

পনির ৫০ গ্রাম, সুইট কর্ন ২ টেবিল চামচ, পেঁয়াজ কুচি ১ টেবিল চামচ, আদা-রসুন বাটা ১ চা-চামচ, টমেটো কুচি আধা টেবিল চামচ, মরিচ গুঁড়ো, হলুদ গুঁড়ো কোয়ার্টার চামচ করে; লবণ স্বাদমতো, ধনেপাতা কুচি আধা টেবিল চামচ।

#### প্রণালী

কড়াইতে তেল গরম হলে পেঁয়াজ কুচি দিন। আদা-রসুনবাটা, টমেটো কুচি, সুইট কর্ন, লবণ, হলুদ ও মরিচ গুঁড়োতে টুকরো করা পনির দিয়ে নাড়াচাড়া করে ধনেপাতা দিন। এটা রুটির মধ্যে দিয়ে রোল করুন।

### খিলড চিকেন

#### উপকরণ

মুরগির বুকের মাংস ২ পিস, লবণ স্বাদমতো, মরিচ গুঁড়ো, আদা বাটা, রসুন বাটা ১ চা-চামচ করে; ওস্টার সস ২ চা-চামচ, চিনি ১ চিমটি, তেল ৪ টেবিল চামচ।



#### প্রণালী

তেল ছাড়া বাকি সব উপকরণ দিয়ে মুরগির পিসগুলো মাখুন। ১ ঘণ্টা এভাবেই ঢেকে রাখুন। একটি ননস্টিক প্যানে তেল দিয়ে ম্যারিনেট করা মুরগি ঢেকে শ্যালাে ফ্রাই করুন। অথবা ১৮০ ডিগ্রি সে.থ্রে. তাপমাত্রায় খিল করুন তেল মেখে। ১২-১৫ মিনিট সময় প্রয়োজন হবে। এরপর পরিবেশন করুন।

## হাজার রকম ধোঁকার ভিড়ে আস্থা রাখুন রাধুনি'র বিশ্বদ্রতায়

সম্পূর্ণ প্রাকৃতিক,  
তাই বাঁঝ থাকে স্বাভাবিক

কম্বার কনজুমের প্রডাক্টস লি:







## কর্ন পনিরের চপ

### উপকরণ

পনির ২০০ গ্রাম, সুইট কর্ন আধা কাপ, আলু সেক্ধ ১টা, পেঁয়াজ কুচি ২ টেবিল চামচ, কাঁচা মরিচ কুচি ১ টেবিল চামচ, রসুন বাটা ১ চা-চামচ, গরম মসলা গুঁড়ো আধা চা-চামচ, চাটমসলা ১ চা-চামচ, ডিম ২টি, ব্রেডক্রাম প্রয়োজনমতো, লবণ স্বাদ বুঝে।

### প্রণালী

সুইট কর্ন হালকা ভাপ দিয়ে রাখুন। পনির চটকে নিন। এবার পনিরে মাখা সুইট কর্ন, আলু সেক্ধ, পেঁয়াজ কুচি, রসুনবাটা, গরম মসলা গুঁড়ো, চাটমসলা, লবণ, কাঁচা মরিচ কুচি একসঙ্গে মিশিয়ে ভালোভাবে মেখে নিন। এবার চপের আকারে ডিমে ডুবিয়ে ব্রেডক্রামে গড়িয়ে ভাজুন। এবার পরিবেশন করুন।

## টমেটো পাস্তা

### উপকরণ

সেক্ধ পাস্তা ১ কাপ, ব্রকলি ২ টুকরো, ক্যাপসিকাম কুচি, পেঁয়াজ কুচি ১ টেবিল চামচ করে; রসুন কুচি ১ চা-চামচ, তেল ৩ চা-চামচ, লবণ স্বাদমতো, টমেটো পাস্তা সস ২ টেবিল চামচ, অরিগ্যানো আধা চা-চামচ, চিলি ফ্লেস্ক ১ চা-চামচ।



### প্রণালী

ননস্টিক প্যানে তেল গরম করে তাতে পেঁয়াজ কুচি ও রসুন কুচি দিয়ে হালকা করে ভাজুন। এবার এতে সব সবজি ও পাস্তা দিন। হালকা করে নাড়ুন। সবশেষে টমেটো পাস্তা সস দিন।



রাঁধুনি ১০০ গ্রাম মরিচ কিংবা হলুদের গুঁড়া কিনলেই পাবেন এমন চমক!

প্রতিদিন চমক পেতে নির্দিষ্ট রাঁধুনি পণ্য কিনে সাথে থাকা ইউনিক কোডটি RDN লিখে পাঠিয়ে দিন 7464 নম্বরে। আর জিতে নিন রেফ্রিজারেটর, মাইক্রোওয়েভ ওভেন, ওয়াটার পিউরিফায়ার, ব্রেডার, প্রেশার কুকার, কিনেন সেট-সহ অসংখ্য পুরস্কার!

রাঁধুনি গুঁড়া মশলা  
বাড়ি বাসের নিঃস্বস্তা

সাপ্তাহিক ২০০০ • বর্ষ ১৭ | ৬৩